ভোরের কাগজ

JUL 02 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...২... কলাম ...৬...

# হাইকোর্টে ছাত্রলীগের সভাপতি, সম্পাদকের জামিন লাভ

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** হাইকোর্ট ছাত্রলীগের সভাপতি লিয়াকত শিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু এবং সহসভাপতি রফিকুল ইসলাম কতয়ালের জামিন মঞ্জুর করেছেন। তাদের বিরুদ্ধে যে ৫টি মামলা দায়ের করা হয়েছিল ইতিপূর্বে ৪টি মামলায় তারা জামিন পেয়েছেন বলে ছাত্রলীগ সূত্রে জানা যায়। এই নিয়ে তারা সবগুলো মামলায় জামিন পেলেন।

হাইকোর্টের বিচারপতি এস কে সিনা ও বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চে জামিনের আবেদন করলে আদালত

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৬

## হাইকোর্টে ছাত্রলীগের

● শেষের পাতার পর

তাদের জামিন মঞ্জুর করে। একই সঙ্গে আদালত কেন তাদেরকে স্থায়ী জামিন দেওয়া হবে না এর কারণ দর্শানোর জন্য সরকারের প্রতি ৪ সপ্তাহের রুলনিশি জারি করেছে। রুলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এই জামিন বহাল থাকবে।

রমনা থানায় রবিউল হাসান নবু হত্যা মামলায় ছাত্রলীগের এই তিন নেতাকে গ্রেপ্তার দেখানো হয়। মামলা দায়ের করা হয়েছিল গত ১৬ জানুয়ারি। আর এই মামলায় তাদেরকে প্রায় ১ মাস পর ৪ এপ্রিল গ্রেপ্তার দেখানো হয়। তাদের পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট ওজায়ের ফারুক। তাকে সহযোগিতা করেন এডভোকেট নুরুল ইসলাম সুজন।

প্রসঙ্গত, গত ২৫ মার্চ ছাত্রলীগের সাংগঠনিক নেত্রী শেখ হাসিনার সঙ্গে তার সুধাসদনস্থ বাসভবন থেকে ঈদের শুভেচ্ছা বিনিময়ের পর বাসায় ফেরার পথে পুলিশ তাদেরকে ৫৪ ধারায় আটক করে পরে হত্যা মামলায় গ্রেপ্তার দেখায়।